

বিজ্ঞপ্তি নং: ৯৫৩ ই. ডি. তাং ০৯/১০/২০১৪

এতদ্বারা জনসাধারণকে জানানো যাচ্ছে যে, আবাসন দপ্তরের বিষয় অধিকারের অধীনস্থ এইচ. আই. জি. / এম. আই. জি. / এল. আই. জি. / আই. এইচ. ই. / এস. সি. পি. ফ্ল্যাটের জন্য ২০০৫ সালের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত যারা আবেদন করে কম্পিউটারে নথীবদ্ধ আছেন (অথচ এখনও পর্যন্ত যাদের নামে কোনো ফ্ল্যাট বন্টন করা হয়নি) সেই সমস্ত আবেদনকারী/আবেদনকারিণী যদি ফ্ল্যাটের জন্য এখনও ইচ্ছুক থাকেন তবে আবেদনপত্র নবীকরণের জন্য ১৩-ই অক্টোবর ২০১৪ থেকে ৩১ শে ডিসেম্বর ২০১৪ এর মধ্যে নবমহাকরণে (১০ম তল, বি ব্লক) অবস্থিত সংশ্লিষ্ট দপ্তরে সকাল ১১টা থেকে ২টো এর মধ্যে নবীকরণের আবেদনপত্র জমা দেওয়ার জন্য বলা হচ্ছে, নচেৎ তাঁদের পুরাতন কম্পিউটার ক্রম বাতিল বলে গন্য করা হবে।

নবীকরণের জন্য সংশ্লিষ্ট আবেদনপত্র এবং তৎসহ অন্যান্য তথ্যাদি ওয়েবসাইট (www.wbhousing.gov.in) এবং দপ্তরের নোটিশ বোর্ড-এ পাওয়া যাবে।

নবীকরণ প্রক্রিয়া চলাকালীন নতুন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

অনুমত্যানুসারে
বিষয় ব্যবস্থাপক, বিষয় অধিকার
আবাসন দপ্তর,
পশ্চিমবঙ্গ সরকার